গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
www.kurigramsadar.kurigram.gov.bd

## ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হাট-বাজার ইজারা সংক্রান্ত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কুড়িগ্রাম সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভাবে টোল আদায়ের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক পৃথকভাবে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম, পুলিশ সুপারের কার্যালয়, কুড়িগ্রাম, উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখে দুপুর ১.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ২.০০ টার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন দরপত্র সিডিউলসহ অন্যান্য কাগজপত্র জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম, উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম, সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখা, কুড়িগ্রাম সদর থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। হাট-বাজার ইজারার দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানা যাবে। কোন দফায় যে কোন হাট-বাজার দাখিলকৃত দরপত্র গৃহীত হলে পরবর্তী দফায় ঐ হাটের দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। ইজারা বিজ্ঞপ্তি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর ওয়েব সাইট www.kurigramsadar.kurigram.gov.bd তে পাওয়া যাবে।

### হাটের তফসিল

| ইউনিয়নের নাম | ক্রমিক নং | হাট-বাজারের নাম | সরকাফা মূল্য (টাকায়) | সিডিউল মূল্য (টাকায়) | দরপত্র ক্রয় ও দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|
| কাঁঠালবাড়ী | ০১ | কাঁঠালবাড়ী হাট | ৮৬,৩১,২২৭ | ১৭,৮০০/- | ১ম বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ ১৩/০২/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন এবং দরপত্র দাখিলের তারিখ ২৮/০২/২০২৪ খ্রিঃ দুপুর ০১ টা পর্যন্ত। |
| | ০২ | টগরাই হাট | ১,১৬,১০৬ | ৫০০/- | |
| | ০৩ | দাশের হাট | ৬৭,১৩৪ | ৫০০/- | |
| হলোখানা | ০৪ | নয়ার হাট (হলোখানা) | ২,৬৫০ | ৫০০/- | |
| | ০৫ | সারডোব (আরডিআরএস) হাট | ১০,৬৫৩ | ৫০০/- | ২য় বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ ০৫/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন এবং দরপত্র দাখিলের তারিখ ১০/০৩/২০২৪ খ্রিঃ দুপুর ০১ টা পর্যন্ত। |
| | ০৬ | হেমেরকুটি মাস্টারের হাট | ৩,৩৫৭ | ৫০০/- | |
| | ০৭ | হেজারত আলী ম্যানেজারের হাট | ১৩২৫ | ৫০০/- | |
| বেলগাছা | ০৮ | বসুনিয়ার হাট | ২,০৭,৫৮৪ | ১০০০/- | ৩য় বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ ১৬/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন এবং দরপত্র দাখিলের তারিখ ২১/০৩/২০২৪ খ্রিঃ দুপুর ০১ টা পর্যন্ত। |
| | ০৯ | ত্রিমোহনী হাট | ২,৯২,৩৮৪ | ১,২০০/- | |
| | ১০ | খলিলগঞ্জ হাট | ৩,২০,৬০০ | ১,২০০/- | |
| | ১১ | যতিনের হাট | ১,৮৬,৩৮৪ | ১০০০/- | ৪র্থ বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ ২৭/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন এবং দরপত্র দাখিলের তারিখ ৩১/০৩/২০২৪ খ্রিঃ দুপুর ০১ টা পর্যন্ত। |
| মোগলবাসা | ১২ | মোগলবাসা হাট | ৬,৫৯,৮৭৬ | ১,৮০০/- | |
| | ১৩ | চর সিতাইঝাড় হাট | ২,২৫,০১৪ | ১,২০০/- | |
| যাত্রাপুর | ১৪ | যাত্রাপুর হাট | ১,৫৮,২৯,৬৮৭ | ৩২,৪০০/- | |
| পাঁচগাছী | ১৫ | পাঁচগাছী হাট | ১০,৯৮৯ | ৫০০/- | ৫ম বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ ০৪/০৪/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন এবং দরপত্র দাখিলের তারিখ ১৫/০৪/২০২৪ খ্রিঃ দুপুর ০১ টা পর্যন্ত। |
| | ১৬ | ভেলুর হাট | ৭০,৫৬১ | ৫০০/- | |
| | ১৭ | ওয়াবদা হাট | ১,৮৫,২১৩ | ১০০০/- | |
| | ১৮ | শুলকুর হাট | ১,৬৪,৬৫৪ | ১০০০/- | ৬ষ্ঠ বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ ১৭/০৪/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন এবং দরপত্র দাখিলের তারিখ ২১/০৪/২০২৪ খ্রিঃ দুপুর ০১ টা পর্যন্ত। |
| ঘোগাদহ | ১৯ | ঘোগাদহ হাট | ২,১৬,২৪০ | ১২০০/- | |
| | ২০ | সোবনদহ হাট | ১৩০১ | ৫০০/- | |
| | ২১ | কাঁচিচর হাট | ১৫১০৫ | ৫০০/- | |
| ভোগডাঙ্গা | ২২ | পাটেশ্বরী হাট | ৩,৪৫,২০৭ | ১২০০/- | |
| | ২৩ | রাজার হাট | ৪৭,২৬৮ | ৫০০/- | |
| | ২৪ | মধ্যকুমরপুর হাট | ১,৮৩,৭৩৪ | ১০০০/- | |
| | ২৫ | হাজীর হাট | ১৬৭৯ | ৫০০/- | |
| | ২৬ | ডুংডুঙ্গীর হাট | ১৫৯০ | ৫০০/- | |

### ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ থেকে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক থেকে ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর অনুকূলে জমা দিতে হবে। তানাহলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা থেকে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত থেকে এ সংক্রান্ত ব্যয় মিটানো হবে। মেয়াদ সমাপনান্তে অব্যবহৃত জামানতের টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

০৩। প্রাপ্ত দরপত্রসমূহের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৪। যার দরপত্র গৃহীত হবে তিনি সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একইসঙ্গে পরিশোধ করতে হবে। তানাহলে হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য কোন হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নিধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হাড়াহাড়িভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা The Public Demands Recovery Act, 1913 অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/০২/২০২৪

মোঃ মুসফিকুল আলম হালিম
উপজেলা নির্বাহী অফিসার
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম
মোবাইল নম্বর: ০১৭০৯৯৭৪৫০১
E-mail:unokurigram@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯৫২.০২.০০৩.০২১.২২- ৮৪

তারিখ: ২২ মাঘ, ১৪৩০
০৫ ফেব্রুয়ারী ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। মহাপরিচালক, সিপিটিইউ ভবন, আইএমই ডিভিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭। (সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো)।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

০৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।

০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।

০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

০৯। মেয়র, কুড়িগ্রাম পৌরসভা।

১০। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট/উলিপুর/চিলমারী/রাজিবপুর/রৌমারী/ভুরুঙ্গামারী/নাগেশ্বরী/ফুলবাড়ী, কুড়িগ্রাম।

১১। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

১২। উপজেলা ........................................................... অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

১৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম (হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ করা হল)।

১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কুড়িগ্রাম।

১৪। চেয়ারম্যান (সকল), -------------------------------- ইউপি, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। তার ইউনিয়নে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)---------------------------------ইউনিয়ন ভূমি অফিস, কুড়িগ্রাম সদর। তাঁর ইউনিয়নে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচার করে একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হল।

১৬। ইজারাদার, ------------------------- হাট।

০৫/০২/২০২৪

মোঃ মুসফিকুল আলম হালিম
উপজেলা নির্বাহী অফিসার
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম
মোবাইল নম্বর: ০১৭০৯৯৭৪৫০১
E-mail:unokurigram@mopa.gov.bd